

পণ্থপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-ও শাখা।

সারক নং-পৌর-৩/রাবি-বিধ-২২/২০০৩/৯৯৭

১০ সেপ্টেম্বর ২০০৬

তারিখঃ

২৬ ডিসেম্বর ১৪১৩

পরিপত্র

বিষয়ঃ পৌরসভার ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল পরিত্যক্ত ঘোষণাকারী জেলা কনডেমনেশন কমিটি।

পৌরসভার মালিকানাধীন ব্যবহারের অনুপোয়েগী ভবন/আসবাবপত্র/অন্যান্য মালামাল কনডেমনড (Condemned) ঘোষণার নিমিত্ত জেলা পর্যায়ে নিরূপ কনডেমনেশন কমিটি গঠন করা হলো :

(ক)	জেলা প্রশাসক	আহবায়ক
(খ)	সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান/প্রশাসক	সদস্য
(গ)	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ (সংশ্লিষ্ট জেলার)	সদস্য
(ঘ)	নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (সংশ্লিষ্ট জেলার)	সদস্য
(ঞ)	উপ-পরিচালক, স্থানীয় সরকার	সদস্য-সচিব

সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান/প্রশাসক পৌরসভার নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলীর মাধ্যমে ব্যবহারের অনুপোয়েগী পৌরসভার ভবন/আসবাবপত্র/অন্যান্য মালামাল কনডেমনড ঘোষণা/নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে আকলন প্রস্তুত করবেন। প্রস্তুতকৃত আকলন পৌর পরিষদের অনুমোদনের পর তিনি উপরে বর্ণিত জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রেরণ করবেন। জেলা কনডেমনেশন কমিটি আকলনটি পরীক্ষা-নিরীক্ষা এবং প্রয়োজনাবোধে সংশ্লিষ্ট ভবন/আসবাবপত্র/অন্যান্য মালামাল সরেজমিনে পরিদর্শনপূর্বক পৌর চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্তু ব্যথাযথ বিবেচিত হলে তা কনডেমনড ঘোষণা করবেন। জেলা প্রশাসক সংশ্লিষ্ট কাগজ পত্রাদি এবং কনডেমনড ঘোষণা প্রক্রান্ত কমিটির সিদ্ধান্ত অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

৩. এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

( এস.এম.জহরুল.ইসলাম )  
সচিব  
স্থানীয় সরকার বিভাগ।

বিতরণঃ

- ১। বিভাগীয় কমিশনার, ..... বিভাগ (সকল)।
- ২। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগরাগাঁও, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ..... জেলা (সকল)।
- ৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি, ..... জেলা।
- ৫। চেয়ারম্যান/প্রশাসক, ..... পৌরসভা, জেলা: .....।
- ৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ..... জেলা।